# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

# Bangladesh Medical University

শাহ্‌বাগ, ঢাকা- ১০০০।

সংশোধিত

নং- বিএমইউ/২০২৫/২৪৮

তারিখ ঃ ০৬-০৪-২০২৫ইং

## বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ইং শিক্ষাবর্ষে বিএমইউ এর নার্সিং অনুষদের অধীনে পরিচালিত ৪ বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০২১ ও ২০২২ইং সালে ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০২৩ ও ২০২৪ইং সালে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণরাই কেবলমাত্র আবেদন করতে পারবেন।

২. **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ**
এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষাসমূহে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

৩. প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে এবং কোর্স চলাকালীন সময়ে বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারবেন না। কোর্সের যেকোন পর্যায়ে বিবাহিত প্রমাণিত হলে ভর্তি বাতিল করা হবে।

৪. ০২/০৭/২০২৫ইং তারিখে আবেদনকারীর বয়স অনুর্ধ্ব ২২ বছর হতে হবে ।

৫. **পরীক্ষা ও প্রার্থী নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী ঃ**
**লিখিত পরীক্ষা ঃ** ০১ ঘন্টা ৩০ মিনিট, ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান (জীববিজ্ঞান, পদার্থ, রসায়ন) এবং সাধারণ জ্ঞান বিষয়ে সর্বমোট ১০০টি প্রশ্ন থাকবে।
**মৌখিক পরীক্ষা ঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধুমাত্র ২০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করার সুযোগ পাবেন।

৬. লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর, মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৭. উপজাতীয় প্রার্থীদের জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। কোটার প্রার্থীদের অন্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। সংরক্ষিত আসনগুলোতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেয়া হবে। যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে এবং শূন্য আসনে মেধাভিত্তিক ভর্তি করা হবে।

৮. মোট আসন সংখ্যার অনধিক শতকরা ১০ জন পুরুষ প্রার্থী দ্বারা পূরণ করা হবে। প্রয়োজনীয় সংখ্যক পুরুষ প্রার্থী পাওয়া না গেলে, শূন্য আসন মেধার ভিত্তিতে মহিলা প্রার্থী দ্বারা পূরণ করা হবে।

৯. **অনলাইনে আবেদন শুরু তারিখ ০৬/০৪/২০২৫ইং (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bmu.ac.bd)। অনলাইনে আবেদন করার ২৪ ঘন্টা পূর্বে পূবালী ব্যাংকের যে কোন অনলাইন শাখায় নির্ধারিত ফি জমা দিতে হবে।**

১০. **আবেদন করার শেষ তারিখ ১৮/০৫/২০২৫ইং রাত ১২:০০ টা পর্যন্ত। ব্যাংকে টাকা জমা দেয়ার শেষ তারিখ ১৭/০৫/২০২৫ইং।**

১১. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফলের সঙ্গে ভর্তির জন্য নির্ধারিত আসনের অতিরিক্ত মেধাভিত্তিক ৫০% প্রার্থীর অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। ভর্তির শেষ তারিখে শূন্য আসন (যদি থাকে) অপেক্ষমান তালিকা থেকে মেধাভিত্তিক ক্রমানুসারে পূরণ করা হবে।

১২. ভর্তিকৃত ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের আবাসন ব্যবস্থা নেই।

১৩. নির্বাচিত প্রার্থীরা মেডিক্যাল পরীক্ষায় শারীরিক ও মানসিকভাবে সুস্থ বলে বিবেচিত হলেই শুধুমাত্র ভর্তির জন্য চূড়ান্তভাবে বিবেচিত হবে।

১৪. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হয়ে যথাসময়ে কোর্সে অংশগ্রহণ করতে হবে।

১৫. **আবেদনে যা যা উল্লেখ করতে হবেঃ**
(ক) প্রার্থীর জীবনবৃত্তান্ত
(খ) পূবালী ব্যাংক পিএলসি এর যেকোন শাখা থেকে **'ডিপার্টমেন্ট অব নার্সিং ফান্ড'** একাউন্ট নম্বর এসটিডি ০৯৪৭১০২০০০৮৫৮ এর অনুকূলে অফেরত যোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার মানি রশিদের কপি স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(গ) প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(ঘ) প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(ঙ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর ও GPA উল্লেখ করতে হবে।

১৬. **আবেদনপত্র Online এ চূড়ান্ত Submit করার পর প্রবেশপত্রের কপি নির্ধারিত তারিখে প্রিন্ট করতে হবে।**

১৭. **প্রবেশপত্র প্রিন্ট করার তারিখ ও সময়: ২১/০৫/২০২৫ইং তারিখ সন্ধ্যা ৬টা থেকে ২৪/০৫/২০২৫ইং তারিখ সকাল ৯টা পর্যন্ত ।**

১৮. **লিখিত পরীক্ষা আগামী ২৪/০৫/২০২৫ইং তারিখ, শনিবার, সকাল ১০ টায় শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার, শাহবাগ, ঢাকা অনুষ্ঠিত হবে।**

১৯. **লিখিত পরীক্ষার ফলাফল ২৪/০৫/২০২৫ইং তারিখ সন্ধ্যা ৬টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bmu.ac.bd এ প্রকাশ করা হবে।**

২০. **মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থানঃ ২৬/০৫/২০২৫ইং হতে ২৭/০৫/২০২৫, সকাল ০৯:০০টা গ্রাজুয়েট নার্সিং বিভাগ, একাডেমিক ভবন, বিএমইউ, পরিবাগ, ঢাকা।**

২১. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে এবং নিম্নে উল্লেখিত সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সকাল ০৮:৩০মিনিটে গ্রাজুয়েট নার্সিং বিভাগ, অফিস কক্ষ নং-৩০৮, একাডেমিক ভবন, বিএমইউ, পরিবাগ, ঢাকায় জমা দিতে হবে।
(ক) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি।
(খ) এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্রের অথবা প্রযোজ্য ক্ষেত্রে সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) অথবা প্রযোজ্য ক্ষেত্রে সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) কলেজের অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) পাসপোর্ট সাইজের সদ্যতোলা ৩ কপি সত্যায়িত রঙিন ছবি।
(চ) উপজাতি হিসাবে প্রার্থীদের প্রমানপত্র।
(ছ) সনদ, ট্রান্সক্রিপ্ট ও ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সকল ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে)।

২২. **প্রাথমিক নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ২৯/০৫/২০২৫ ইং তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bmu.ac.bd এ প্রকাশ করা হবে।**

২৩. **মেডিক্যাল পরীক্ষার তারিখ, সময় ও স্থানঃ ০৩/০৬/২০২৫ইং হতে ০৪/০৬/২০২৫ ইং, সকাল ০৯.০০টা, উপ-রেজিস্ট্রার (শিক্ষা), কক্ষ নম্বর-২৩০, ব্লক-বি, ৩য় তলা, বিএমইউ।**

২৪. কোর্সে ভর্তি হওয়ার সময় শিক্ষাগত যোগ্যতার মূল নম্বরপত্র ও সনদপত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে এবং সেগুলো কোর্স চলাকালীন সময় বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত থাকবে।

২৫. বিএসসি ইন নার্সিং কোর্সে উত্তীর্ণ হওয়ার পর এই বিশ্ববিদ্যালয় হাসপাতালে ৬ (ছয়) মাস ইন্টার্নশিপ করতে হবে।

**(অধ্যাপক ডা. মোঃ শাহিনুল আলম)**
**উপ-উপাচার্য (একাডেমিক)**
ও সভাপতি ভর্তি পরীক্ষা পরিচালনা ও তত্ত্বাবধান কমিটি
বিএমইউ, শাহবাগ, ঢাকা-১০০০।

**Help Desk**
**01307104140 /01630968967**